

পশ্চিমবঙ্গ কলেজ ও বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতি

৮৯, মহাত্মা গান্ধী রোড, কলিকাতা- ৭০০ ০০৭
ফোন নং - ২২৪১-২০৬০/২২১৯-৮৯৩০

সাকুলার- ৩/২০২১

তারিখ : ২৭-০৮-২০২১

কনভেনর প্রাইমারী ইউনিট,/ সম্পাদক জেলা কমিটি

-----কলেজ/বিশ্ববিদ্যালয়


প্রিয় সাথী,

আপনারা সকলে অবগত আছেন কোভিড অতিমারির কারণে দীর্ঘ দেড় বছর সারা রাজ্যেই শিক্ষা ব্যবস্থা এক অবর্ণনীয় পরিস্থিতির মধ্যে পরিচালিত হচ্ছে। কোভিড অতিমারির ভয়াবহতার মধ্যেও নানান সাবধানতা অবলম্বন করে রাজ্য প্রশাসন অন্যান্য ক্ষেত্র যখন পরীক্ষামূলকভাবে খোলার ধারাবাহিক চেষ্টা চালাচ্ছে ঠিক তখন রাজ্যের উচ্চ-শিক্ষাঙ্গন ছাত্রছাত্রীদের জন্য উন্মুক্ত করবার কোনো সরকারী প্রয়াস আমাদের নজরে পড়ছে না। রাজ্যের সর্ববৃহৎ শিক্ষক সংগঠন পশ্চিমবঙ্গ কলেজ ও বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতি ছাত্রছাত্রীদের ভবিষ্যতের কথা মাথায় রেখে কোভিড প্রটোকল মেনে উচ্চশিক্ষা প্রতিষ্ঠান খোলার দাবি জানায়।

এই কোভিড অতিমারির প্রেক্ষাপটে রাজ্যে বিভিন্ন স্তরে শিক্ষক নিয়োগ প্রক্রিয়া নিয়ে রাজ্যজুড়ে কর্মপ্রার্থীদের অভিযোগ এবং প্রতিবাদ কর্মসূচীকে রাজ্য সরকার যে উপায়ে প্রতিরোধ করছে এবং আন্দোলন অব্যাহত ও মর্মান্তিক চেহারা নিতে চলেছে সেই বিষয়েও পশ্চিমবঙ্গ কলেজ ও বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতি গভীর উদ্বেগ প্রকাশ করছে। এই পরিস্থিতি থেকে আগামী প্রজন্মের শিক্ষকদের রক্ষা করতে পশ্চিমবঙ্গ কলেজ ও বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতি স্বচ্ছতার সাথে যোগ্য কর্মপ্রার্থীদের দ্রুত নিয়োগের দাবি জানায়।

আপনাদের জ্ঞাতার্থে জানাই রাজ্য সরকারের বর্তমান শিক্ষামন্ত্রী পুনরায় শিক্ষামন্ত্রকের দায়িত্ব নেওয়ার পর অধ্যাপক সমিতি প্রধানসূত্রে মাননীয় মন্ত্রী মহোদয়কে শুভেচ্ছা জানায় এবং উচ্চশিক্ষা সংশ্লিষ্ট একাধিক বিষয়ে তার সাথে আলোচনার জন্য সময় চাওয়া হয়। কিন্তু পরিতাপের বিষয় আজ পর্যন্ত উচ্চশিক্ষা দপ্তর থেকে কোনো প্রত্যুত্তর আসেনি। ‘জাতীয় শিক্ষানীতি ২০২০’ কার্যকর করবার বিষয়ে এবং UGC নির্দেশিত Blended mode of learning নিয়ে রাজ্য সরকারের মতামত আজও আমাদের অজানা। এমতাবস্থায় আসন্ন শিক্ষক দিবসের (৫ সেপ্টেম্বর, ২০২১) প্রাক্কালে আগামী ৪ঠা সেপ্টেম্বর, ২০২১ শনিবার বিকাল ৩-৩০ মিনিটে কলেজ স্কোয়ারে বিদ্যাসাগর মূর্তির সামনে পশ্চিমবঙ্গ কলেজ ও বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতির ডাকে এক প্রতিবাদ কর্মসূচী নেওয়া হয়েছে। রাজ্যের শিক্ষাক্ষেত্রে সার্বিক সুস্থতা ফিরিয়ে আনতে ঐ কর্মসূচীকে সফল করবার জন্য সকল সদস্য বন্ধুদের কোভিড প্রোটোকল মেনে উপস্থিত থাকতে অনুরোধ জানাই।

শুভেচ্ছা সহ,



(কেশব ভট্টাচার্য)

সাধারণ সম্পাদক

মোবাইল নং ৯৮৩০০২১৭৯৪